

**বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস ২০১৯ প্রতিযোগিতায় টেবিল টেনিস ইভেন্টে  
জগন্নাথ বিশ্ববিদ্যালয় টেবিল টেনিস দল (ছেলে-মিশ্র দ্বৈত) চ্যাম্পিয়ন**



সাম্প্রতিকসময়ে শেষ হওয়া বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস ২০১৯ প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ বিভিন্ন ইভেন্টে অংশগ্রহন করে। এর মধ্যে টেবিল টেনিস ইভেন্টের ছেলেদের (মিশ্র দ্বৈত) অংশে জগন্নাথ বিশ্ববিদ্যালয় টেবিল টেনিস দল চ্যাম্পিয়ন হয়। আবার টেবিল টেনিস ইভেন্ট এর মহিলা (একক)-এ সিলভার পদক এবং মহিলা (দ্বৈত)- এ ব্রোঞ্জ পদক অর্জন করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। উক্ত প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১৬, এপ্রিল-২০১৯ তারিখে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতায় পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থীবৃন্দ এই উপলক্ষে ১৭ এপ্রিল, ২০১৯-বুধবার উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এর সাথে সৌজন্য সাক্ষাত করে। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর উপস্থিত ছিলেন।